12

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 AUG 1996
পৃষ্ঠা ২ কলাম ৮

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কি আদৌ উন্মুক্ত?

যাহারা প্রথাগত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা লাভ করিতে পারেন না অথচ স্বচেষ্টায় শিক্ষিত হইয়াছেন। তাহাদের ডিগ্রী অর্জনের জন্য উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সৃষ্টি। কিন্তু প্রশ্ন জাগে, বাংলাদেশের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়টি কতটুকু উন্মুক্ত? কেহ চাহিলেই কি এই বিশ্ববিদ্যালয়ে কোন কোর্স করিতে বা পরীক্ষা দিতে পারেন? উত্তর হইল—না। কারণ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় উহার বিভিন্ন প্রোগ্রামে নানাবিধ শর্ত বা পয়েন্ট আরোপ করিয়া ভর্তি কার্য সম্পন্ন করে। ইহাতে অনেকের ইচ্ছা থাকা সত্ত্বেও কোর্সসমূহে যোগদান করা সম্ভব হয় না। এইরূপ শর্ত বা পয়েন্ট আরোপের মাধ্যমে সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানগুলি ভর্তি কার্য সম্পন্ন করিয়া থাকে। তাহা হইলে সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের সহিত উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পার্থক্য রহিল কোথায়? আমরা চাই, বা, উ, বি, সবার জন্য শিক্ষার দ্বার উন্মুক্ত করিবে। বা,উ,বি কর্তৃপক্ষের নিকট আবেদন, সকলকে শিক্ষা লাভের সুযোগ দিয়া নামের যথার্থতা প্রমাণ করুন।

—সৌমেন, বড়ুয়া, 'কে'-ব্লক, হালিশহর, চট্টগ্রাম।